

# যুগান্তর

প্রিন্ট: ২৯ এপ্রিল ২০২৫, ০৬:৪৭ এএম

সারাদেশ

## গুচ্ছভুক্ত ১৯ বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুক্রবার



যুগান্তর প্রতিবেদন, টাঙ্গাইল

প্রকাশ: ২৪ এপ্রিল ২০২৫, ১১:০৪ পিএম



×

টাঙ্গাইলের মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সহ জিএসটি গুচ্ছভুক্ত ১৯টি বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের সি ইউনিটের ভর্তি পরীক্ষা শুক্রবার অনুষ্ঠিত হবে। এছাড়াও বি ইউনিট ২ মে এবং এ ইউনিট ৯ মে অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষাসমূহ নির্বিঘ্ন, সুষ্ঠু ও নিরাপদ পরিবেশে আয়োজনের লক্ষ্যে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ও গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ভর্তি পরীক্ষা কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. আনোয়ারুল আজীম আখন্দের সভাপতিত্বে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ভাইস-চ্যান্সেলরগণের উপস্থিতিতে বুধবার রাতে একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

সভা শেষে কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. আনোয়ারুল আজীম আখন্দ জানান, সভায় পরীক্ষার সার্বিক প্রস্তুতি পর্যালোচনা করা হয় এবং সব প্রস্তুতি সন্তোষজনক বলে মতপ্রকাশ করা হয়। এছাড়া যথাসময়ে পরীক্ষার সব প্রস্তুতি সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং সংশ্লিষ্ট সরকারি দপ্তরসমূহের আন্তরিক সহযোগিতার জন্য তাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়। একইসঙ্গে এই বৃহৎ পরিসরে পরীক্ষা আয়োজনের সার্বিক সমন্বয়ের জন্য দায়িত্বপ্রাপ্ত সব শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের আন্তরিক সহযোগিতা কামনা করা হয় এবং তাদের ধন্যবাদ জানানো হয়।

ভাইস-চ্যান্সেলররা আসন্ন ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী সব পরীক্ষার্থী এবং তাদের পরিবারকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান। সেই সঙ্গে তাদের যাত্রা ও পরীক্ষার দিনগুলো যেন নিরাপদ, নির্বিঘ্ন ও শান্তিপূর্ণ হয়- সেই প্রত্যাশাও ব্যক্ত করেন।